সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮২৪

৪৬/ কিতাবুল আদব (كتاب الأدب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ অশুভ লক্ষন প্রসঙ্গ।

بَابُ مَا جَاءَ فِي الشُّؤْمِ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَالِمٍ، وَحَمْزَةَ، ابْنَىْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ أَبِيهِمَا، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " الشُّؤْمُ فِي ثَلاَثَةٍ فِي الْمَرْأَةِ وَالْمَسْكَنِ وَالدَّابَّةِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَبَعْضُ أَصْحَابِ الزُّهْرِيِّ لاَ يَذْكُرُونَ فِيهِ عَنْ حَمْزَةَ إِنَّمَا يَقُولُونَ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَرَوَى مَالِكُ بْنُ أَنَسٍ هَذَا الْحَدِيثَ عَنِ الزُّهْرِيِّ فَقَالَ عَنْ سَالِمٍ وَحَمْزَةَ ابْنَىْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ أَبِيهِمَا وَهَكَذَا رَوَى لَنَا ابْنُ أَبِي عُمَرَ هَذَا الْحَدِيثَ عَنْ سُفْيَانَ بْنِ عُيَيْنَةَ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ وَحَمْزَةَ ابْنَىْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ أَبِيهِمَا عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم .

حَدَّثَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَالِمٍ، عَنْ أَبِيهِ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم بِنَحْوِهِ وَلَمْ يَذْكُرْ فِيهِ سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ حَمْزَةَ، وَرِوَايَةُ، سَعِيدٍ أَصَحُّ لأَنَّ عَلِيَّ بْنَ الْمَدِينِيِّ وَالْحُمَيْدِيَّ رَوَيَا عَنْ سُفْيَانَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَالِمٍ، عَنْ أَبِيهِ، وَذَكَرَا، عَنْ سُفْيَانَ، قَالَ لَمْ يَرْوِ لَنَا الزُّهْرِيُّ هَذَا الْحَدِيثَ إِلاَّ عَنْ سَالِمٍ عَنِ ابْنِ عُمَرَ . وَرَوَى مَالِكُ بْنُ أَنَسٍ هَذَا الْحَدِيثَ عَنِ الزُّهْرِيِّ وَقَالَ عَنْ سَالِمٍ وَحَمْزَةَ ابْنَىْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ أَبِيهِمَا . وَفِي الْبَابِ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ وَعَائِشَةَ وَأَنَسٍ . - وَقَدْ رُوِيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " إِنْ كَانَ الشُّؤْمُ فِي شَيْءٍ فَفِي الْمَرْأَةِ وَالدَّابَّةِ وَالْمَسْكَنِ " .

وَقَدْ رُوِيَ عَنْ حَكِيمِ بْنِ مُعَاوِيَةَ، قَالَ سَمِعْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم يَقُولُ " لاَ شُؤْمَ وَقَدْ يَكُونُ الْيُمْنُ فِي الدَّارِ وَالْمَرْأَةِ وَالْفَرَسِ " . حَدَّثَنَا بِذَلِكَ عَلِيُّ بْنُ حُجْرٍ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ عَنْ سُلَيْمَانَ بْنِ سُلَيْمٍ عَنْ يَحْيَى بْنِ جَابِرٍ الطَّائِيِّ عَنْ مُعَاوِيَةَ بْنِ حَكِيمٍ عَنْ عَمِّهِ حَكِيمِ بْنِ مُعَاوِيَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم بِهَذَا .

বাংলা

২৮২৪. ইবন আবূ উমর (রহঃ) ..... আবদুল্লাহ্ ইবন উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অকল্যাণ তিনটি জিনিসের মধ্যে থাকতে পারে নারী, বাড়ি, বাহন। [এ বাক্যে হাদিসটি শায]

এ হাদীসটি হাসান-সহীহ।

যুহরী (রহঃ) এর কোন কোন শাগরিদ এ সনদে হামযা-এর উল্লেখ করেননি। তাঁরা সালিম-তার পিতা (ইবন উমর) ... নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রের উল্লেখ করেছেন। কিন্তু ইবন আবূ উমর (রহঃ) আমাদেরকে সুফইয়ান ইবন উয়ায়না-যুহরী-আবদুল্লাহ্ ইবন উমর রাদিয়াল্লাহু আনহু-এর পুত্রদ্বয় সালিম ও হামযা - উভয়ের পিতা আবদুল্লাহ্ ইবন উমর রাদিয়াল্লাহু আনহু - নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রের উল্লেখ করেছেন।

সাঈদ ইবন আবদুর রহমান মাখযূমী (রহঃ) ... সালিম তার পিতা (ইবন উমর) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণিত আছে। এতে সাঈদ ইবন আবদুর রহমান-হামযা (রহঃ) এর উল্লেখ নেই। সাঈদ (রহঃ) এর রিওয়ায়তটি অধিক সহীহ। কেননা আলী ইবন মাদীনী এবং হুমায়দী (রহঃ) উভয়েই এটি সুফইয়ান (রহঃ) থেকে বর্ণনা করেছেন। যুহরী (রহঃ) এই হাদীসটি সালিম-ইবন উমর রাদিয়াল্লাহু আনহু সূত্রই কেবল বর্ণনা করেছেন। অথচ মালিক ইবন আনাস (রহঃ)-ও এ হাদীসটি যুহরী (রহঃ) থেকে বর্ণনা করেছেন। আর এতে আবদুল্লাহ্ ইবন উমর রাদিয়াল্লাহু আনহু-এর পুত্রদ্বয় সালিম ও হামযা - উভয়ের পিতা (ইবন উমর) সূত্রের উল্লেখ করেছেন।

এ বিষয়ে সাহল ইবন সা'দ, আয়িশা ও আনাস রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি বলেছেনঃ যদি অকল্যাণ কোথাও হতো তবে তা নারী, বাহন ও বাড়িতে হত।

হাকীম ইবন মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে বলতে শুনেছি যে, অপয়া বলতে কিছু নাই, তবে বাড়ি, নারী ও ঘোড়া কখনও বরকতের হয়। সহীহ, ইবনু মাজাহ ১৯৩০, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮২৪ [আল মাদানী প্রকাশনী]

আলী ইবন হুজর (রহঃ) হাকীম ইবন মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে

উক্ত হাদীসটি বর্ণিত আছে।

English

Narrated Salim and Hamzah, the sons of 'Abdullah bin 'Umar:
from their father that the Messenger of Allah (ﷺ) said: "An omen is in three: A woman, a dwelling, and a (riding) beast."

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38176

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন